দামুড়হুদায় আদর্শ কৃষক সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়। আজ বিকাল ৫টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা, দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক হাশেম রেজা।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আমার শরীরে একবিন্দু রক্ত থাকতে এই ঐতিহ্যবাহী কৃষক সমিতির কোন ক্ষতি হতে দিবো না। ঋণে জর্জরিত সমিতির সকল সদস্যদের দেনা পাওনা আমি ব্যক্তিগত তহবিল থেকে পরিশোধ করে, হাজার হাজার কৃষকের মুখে হাসি ফুটাবো, আমি এই মাটির সন্তান, আমি এলাকার প্রতিটি মানুষের সুখে-দুঃখে পাশে আছি থাকবো আজীবন। আমি চাই প্রায় অর্ধশত বছরের পুরনো এই কৃষক সমিতি আবারো রাষ্ট্রিয় স্বর্ণপদক প্রাপ্ত সমিতির মর্যাদা অক্ষুণ্ণ রাখুক।

অল্প খরচে সেচ ব্যবস্থার মাধ্যমে চাষীরা জমিতে ফসল ফলিয়ে সোনালী ফসল ঘরে তুলুক, আমি কৃষকদের মুখে হাসি ফুটাতে চাই, এটাই আমার জীবনের বড় প্রাপ্তি ও তৃপ্তি হয়ে থাকবে।

উক্ত সাধারণ সভায় আরো উপস্থিত ছিলেন, সমিতির সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, নাসির উদ্দীন সহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য, সাধারণ সদস্য, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক প্রমুখ।

উল্লেখ্য প্রায় অর্ধশত বছরের পুরনো কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতিটি কয়েক বছর ধরে একটি দুষ্ট চক্রের কবলে পরে প্রায় অর্ধ কোটি টাকা লোকসানের কবলে পরে সমিতিটিতে নানান অনিয়ম ও দূর্নীতির কবলে পরলে বর্তমান কমিটি হাশেম রেজাকে প্রধান উপদেষ্টা করার পর পরই নিজের ব্যক্তিগত তহবিল থেকে অর্থ সহযোগিতা করেন, এবং সমিতি সফলতার দিকে এগুতে থাকে। কিন্তু একটি দুষ্ট চক্র সকল

সময় বিভিন্ন ভাবে চক্রান্ত চায়িয়ে যাচ্ছে জানান সমিতির সভাপতি সহ একাধিক সদস্য। অপরদিকে সমিতির সাধারণ সভা পন্ড করতে কয়েকবার উক্ত দুষ্ট চক্রটি হামলা চালাতে গেলেও হাশেম রেজার দৃঢ় মনোবল ও জনসমর্থনের রোষানলে পরে সভাস্থল ত্যাগ করেন।

সভা শেষে কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সকল সদস্যের মাঝে নগদ ১০০০/ (এক হাজার) টাকা করে দেন উক্ত সমিতির প্রধান উপদেষ্টা হাশেম রেজা।